বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
www.idra.org.bd

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.৯৯.০০০১.২২.৩৫

বিষয়: **মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ ও নবায়নের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা যাচাই প্রসঙ্গে।**
সূত্র: কর্তৃপক্ষের স্মারক নম্বর: ৫৩.০৩.০০০০.০৩২.১১.০০১.২৩.১৩; তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৩

বীমা আইন, ২০১০ ও বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ (২৪/১২/২০২৩ এ সংশোধিত) এবং কর্তৃপক্ষের প্রণীত চেকলিস্ট অনুযায়ী বীমা কোম্পানি কর্তৃক মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও নবায়নের পূর্বে কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি//প্রমাণকসহ সম্পূর্ণ প্রস্তাব/আবেদনের বিধান ও নির্দেশনা রয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বীমাকারী কর্তৃক প্রেরিত তথ্যাদি/দলিলাদি//প্রমাণকের মধ্যে অনেক শিক্ষাগত যোগ্যতার সনদের যথার্থতা প্রশ্নবিদ্ধ; বিশেষতঃ প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের (যেমন: ইবাইস ইউনিভার্সিটি, দি ইউনিভার্সিটি অফ কুমিল্লা, আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় প্রভৃতি) প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সনদ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ের সময় কিছু সনদ জালিয়াতি ও শঠতার মাধ্যমে সংগৃহীত বলে প্রতীয়মান হয়েছে। এছাড়া, অনলাইনে প্রাপ্ত শিক্ষাগত যোগ্যতার সনদের সঠিকতাও প্রশ্নবিদ্ধ। ফলে এসব যাচাই-বাছাই করতে একদিকে কর্তৃপক্ষের অহেতুক সময়ক্ষেপন এবং বীমা আইনের বিধান অনুযায়ী যথাসময়ে মুখ্য নির্বাহী কর্মকর্তার পদ পূরণ না হওয়ায় বীমাকারীও আইনগত জটিলতার সম্মুখীন হচ্ছে। এমতাবস্থায়-

ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ ও নবায়নের প্রস্তাব অনুমোদনের জন্য কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের পূর্বে আলোচ্য ডিগ্রীটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসে অবস্থিত অনুমোদিত প্রোগ্রাম কিনা তাহা যাচাই করতে হবে;

খ) যেকোন বিদেশী ডিগ্রী বা অনলাইনে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে ইহার সঠিকতা যাচাইপূর্বক সঠিক মর্মে প্রত্যয়নপত্র এবং ইউজিসি কর্তৃক ইস্যুকৃত সমতা পত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোনো বীমাকারী মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ বা নবায়নের জন্য যথাযথ যাচাই-বাছাই ব্যতিরেকে কোন সার্টিফিকেট প্রেরণ করলে এবং তা কর্তৃপক্ষের নিকট জাল জালিয়াতির মাধ্যমে সৃষ্ট বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট বীমাকারী জ্ঞাতসারে অসত্য তথ্য/প্রমাণক সরবরাহ করে কর্তৃপক্ষকে বিভ্রান্ত/হয়রানী করার দায়ে অভিযুক্ত হবে।

২। উল্লেখ্য যে, মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও নবায়ন সংক্রান্ত সংশোধিত চেকলিস্ট **(সংযুক্ত)** অনুযায়ী কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি//প্রমাণকসহ সম্পূর্ণ প্রস্তাবনা/আবেদনপত্র প্রেরণের জন্য পুনঃনির্দেশনা প্রদান করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত চেক লিস্ট

০৮-০৫-২০২৫
মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, লাইফ ও নন-লাইফ বীমাকারী (সকল)।
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ ও নন-লাইফ বীমাকারী (সকল)।

**স্মারক নম্বর:** ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.৯৯.০০০১.২২.৩৫/১(৮)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)।
২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।
৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৫। নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৭। সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৮। অফিস কপি।

০৮-০৫-২০২৫
মোহাঃ আব্দুল মজিদ
পরিচালক

**<u>বিষয়: বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ অনুমোদনের চেকলিস্ট।</u>**

বীমা আইন, ২০১০ এর ৮০ ধারা এবং উক্ত ধারার অধীনে প্রণীত প্রবিধানমালা অনুযায়ী বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/পুনঃনিয়োগ অনুমোদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত চেকলিষ্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি/দলিলাদি প্রমাণকসহ সম্পূর্ণ প্রস্তাব কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা জারি করা হলো:

| ক্রম | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | বীমা কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নিয়োগ সংক্রান্ত প্রস্তাবনা/আবেদনপত্র; | |
| ২ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পূর্নাঙ্গ জীবন বৃত্তান্ত; | |
| ৩ | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ছায়ালিপি **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে)**; | |
| | খ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ইউজিসি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসের অনুমোদিত প্রোগ্রাম থেকে অর্জিত হয়েছে মর্মে কোম্পানির পরিচালনা পর্ষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে)**; | |
| | গ) বিদেশি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারীদের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমতাকরণ সার্টিফিকেট **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে)**; | |
| ৪ | ক) যে শ্রেণীর বীমা ব্যবসার জন্য আবেদিত অনুরুপ শ্রেণীর বীমা কোম্পানিতে কর্তৃপক্ষের প্রবিধানমালায় নির্ধারিত (১২ বছরের) সকল কর্ম অভিজ্ঞতার প্রমাণকের সত্যায়িত ছায়ালিপি **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে);** | |
| | খ) যে শ্রেণীর বীমা ব্যবসার জন্য আবেদিত অনুরুপ শ্রেণীর বীমা কোম্পানিতে কর্তৃপক্ষের প্রবিধানমালায় নির্ধারিত মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নিম্নপদের ২ (দুই) বছরের অভিজ্ঞতার প্রমাণকের সত্যায়িত ছায়ালিপি **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে);** | |
| ৫ | ক) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি ; | |
| | খ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার পাসপোর্টের তথ্য পাতার সত্যায়িত ছায়ালিপি; | |
| ৬ | ক) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার সর্বশেষ কর বছরের আয়কর রিটার্ন দাখিলের সনদের/প্রাপ্তি স্বীকারপত্রের সত্যায়িত ছায়ালিপি; | |
| | খ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা ঋণ খেলাপী নয়-মর্মে ব্যক্তিগত হলফনামার কপি; | |
| | গ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা ঋণ খেলাপী নন- মর্মে বীমা কোম্পানির পর্ষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র; | |
| | ঘ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ ব্যাংক এর নির্ধারিত Enquiry Form-১ এর পূরণকৃত মূলকপি; | |
| ৭ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা সর্বশেষ যে বীমা কোম্পানিতে কর্মরত ছিলেন সে বীমা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের সত্যায়িত ছায়ালিপি **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে);** | |
| ৮ | মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের সুপারিশ সম্বলিত পরিচালনা পর্ষদের সভা এবং NRC কমিটির সুপারিশ সংক্রান্ত সভার কার্যবিবরণীর কপি; | |
| ৯ | ক) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা বীমা প্রতিষ্ঠানের পরিচালক বা উদ্যোক্তা বা পরিচালকের পরিবারের সদস্য নন-মর্মে প্রদত্ত ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত হলফনামার মূলকপি; | |
| | খ) প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা বীমা প্রতিষ্ঠানের পরিচালক বা উদ্যোক্তা বা পরিচালকের পরিবারের সদস্য নন-মর্মে কোম্পানির পর্ষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র; | |
| ১০ | বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তার শূন্য পদে নিয়োগের বিষয়ে কমপক্ষে ২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের ফটোকপি **(শুধুমাত্র নতুন নিয়োগের ক্ষেত্রে);** | |
| ১১ | ক) পুর্ববর্তী অনুমোদিত বেতন ভাতাদির প্রমাণক **(পুনঃনিয়োগের ক্ষেত্রে);** | |
| ১২ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা ইতিপূর্বে কখনো IDRA কর্তৃক কোন প্রকার শাস্তি প্রাপ্ত/তিরস্কৃত হয়ে থাকলে তার প্রমাণকসহ বিবরণ; | |
| ১৩ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা IDRA এর বিরুদ্ধে বাংলাদেশের কোনো আদালতে কোনো মামলা করে থাকলে তার প্রমাণকসহ বিবরণ; | |

২। উপরোক্ত সকল তথ্যাদির যথাযথ প্রমাণকসহ প্রস্তাবনা দাখিল করতে হবে;

৩। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ যে কোন সময়ে উপরোক্ত শর্তাদি পরিমার্জন, সংযোজন, বিয়োজন এর অধিকার সংরক্ষণ করে।